



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/বান্দরবান-০৭/ ২৫ /

তারিখ: ২২.০২.২০২০খ্রি.

বিষয়: কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে

- সূত্র : ১) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং বামাশিবো/প্রশা/৩৪০১৮১০৩১৩২১/১৪৬৬৮/নথি নং -০৭; তারিখ: ১৮/১২/২০১৮ খ্রি.
২) জেলা প্রশাসক, বান্দরবান কর্তৃক স্মারক নং-০৫.৪২.০৩০০.২০৯.০২.০০৯.১৯-৪০৭; তারিখ: ২৬/১২/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বান্দরবান জেলার নাইক্ষ্যংছড়ি উপজেলাধীন মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট আলিম মাদ্রাসা পরিচালনার নিমিত্তে জনাব মোহাম্মদ শফিউল্লাহ এবং জনাব মোহাম্মদ সৈয়দ আলমকে সদস্য করে বোর্ড কর্তৃক সূত্রোক্ত ০১ নং স্মারকে নির্বাহী কমিটি অনুমোদন দেওয়া হয়। সূত্রোক্ত ০২ নং স্মারকের প্রেক্ষিতে জানা যায় যে, মাদ্রাসার অধ্যক্ষ উক্ত অনুমোদনকৃত নির্বাহী কমিটিতে সদস্য মনোনয়নের জন্য বিধি মোতাবেক জেলা প্রশাসক কর্তৃক সদস্য মনোনয়ন না নিয়ে স্বাক্ষর জালিয়াতি করে অত্র বোর্ড কর্তৃক নির্বাহী কমিটি অনুমোদন করে নেন।

বর্ণিত অবস্থায় জেলা প্রশাসকের স্বাক্ষর জালিয়াতির মাধ্যমে বোর্ড কর্তৃক নির্বাহী কমিটি অনুমোদন নেওয়া হয়েছে যা প্রতারণার শামিল। এমতাবস্থায়, কেন উক্ত কমিটি ভেঙে দেওয়াসহ মাদ্রাসার অধ্যক্ষের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে না পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে জবাব প্রেরণের জন্য মাদ্রাসা প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

অধ্যক্ষ,
মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট আলিম মাদ্রাসা,
ডাকঘর: নাইক্ষ্যংছড়ি, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান

নং-বামাশিবো/প্রশাসন/বান্দরবান-০৭/ ২৫ /

তারিখ: ২২.০২.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বান্দরবান;
২. জেলা শিক্ষা অফিসার, বান্দরবান;
৩. উপজেলা নির্বাহী অফিসার, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান;
৪. সভাপতি, মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট আলিম মাদ্রাসা, ডাকঘর: নাইক্ষ্যংছড়ি, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান;
৫. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪